MAR. 5 2001

MAR. 1 5 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ............
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭.....

## তৃতীয় বিভাগ এবং সর্বশেষ প্রজ্ঞাপন

২৪-৮-২০০০ তারিখে নয় দফা শর্তযুক্ত চুক্তির ফলে শিক্ষা প্রতিষ্ঠানে তৃতীয় বিভাগ/শ্রেণীপ্রাপ্তদের নিয়োগ এবং নিয়োগপ্রাপ্তদেরও এমপিওভুক্তি বন্ধ রাখা হয়। তবু আইনের ফাঁক দিয়া সারাদেশে কয়েক হাজার তৃতীয় বিভাগধারী শিক্ষক এমপিওভুক্ত হইয়াছেন। বাস্তব অবস্থা উপলব্ধি করিয়া শিক্ষা মন্ত্রণালয় হইতে ২-১-২০০১ তারিখে এক প্রজ্ঞাপন জারি করিয়া এমপিওভুক্ত এই সকল শিক্ষকের এমপিও বাতিল করিবার সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লিখিত সিদ্ধান্তসমূহ শিক্ষা মন্ত্রণালয় জেলা শিক্ষা অফিসের মাধ্যমে অতিদ্রুত সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করে। অপরদিকে কিছুদিন পূর্বে ২৪-৮-২০০০ তারিখ পর্যন্ত নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের এমপিওভুক্ত করিবার সিদ্ধান্ত নিয়া এই সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। শিক্ষা মন্ত্রণালয় এই সংক্রান্ত সকল সিদ্ধান্ত অতিদ্রুত জেলা শিক্ষা অফিসে প্রেরণ করিলেও নিয়োগপ্রাপ্ত তৃতীয় বিভাগধারী শিক্ষকদের নিকট আশীর্বাদস্বরূপ সম্প্রতি জারিকৃত সর্বশেষ প্রজ্ঞাপনটি অদ্যাবধি জেলা শিক্ষা অফিসে পৌঁছে নাই। ফলে গত আগষ্ট মাসে নিয়োগপ্রাপ্ত কয়েক হাজার শিক্ষক তাহাদের কাগজপত্র জেলা শিক্ষা অফিস হইতে ছাড় করাইতে পারেন নাই। তাহাছাড়া শিক্ষা মন্ত্রণালয় হইতে জারিকৃত সিদ্ধান্তসমূহ সকলের অবগতির জন্য সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রেরণ করা উচিত। আর তাই সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপনটি সত্বর জেলা শিক্ষা অফিসের মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করিবার জন্য মাননীয় শিক্ষা সচিব মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শ্যামল চন্দ্র মণ্ডল,
সহকারী শিক্ষক,
গ্রামঃ নারিকেলী, ডাকঘরঃ সাকরাল,
উপজেলাঃ উজিরপুর,
জেলাঃ বরিশাল।